

মারইয়াম | Maryam | مَرْيَمَ

আয়াতঃ ১৯ : ৯৫

আরবি মূল আয়াত:

وَكُلُّهُمْ آتِيهِ يَوْمَ الْقِيَمَةِ فَرْدًا ﴿٩٥﴾

অনুবাদসমূহ:

আর কিয়ামতের দিন তাদের সকলেই তাঁর কাছে আসবে একাকী। — আল-বায়ান

কিয়ামাতের দিন তাদের সবাই তাঁর কাছে আসবে একাকী অবস্থায়। — তাইসিরুল

এবং কিয়ামাত দিবসে তাদের সকলেই তাঁর নিকট আসবে একাকী অবস্থায়। — মুজিবুর রহমান

And all of them are coming to Him on the Day of Resurrection alone. — Sahih International

৯৫. আর কিয়ামতের দিন তাদের সবাই তাঁর কাছে আসবে একাকী অবস্থায়।

-

তাফসীরে জাকারিয়া

(৯৫) কিয়ামতের দিন তাদের সকলেই তাঁর নিকট আসবে একাকী অবস্থায়। [1]

[1] অর্থাৎ, কেউ কারো সাহায্যকারী হবে না, আর না মালই কারো কোন কাজে আসবে। {يَوْمَ لَا يَنْفَعُ مَالٌ وَلَا}

{অর্থাৎ, সেদিন না ধন-মাল কোন কাজ দেবে, আর না সন্তান-সন্ততি। (সূরা শুআরাঃ ৮৮) প্রত্যেককেই একা একা নিজ হিসাব দিতে হবে। আর মানুষ পৃথিবীতে যাদের জন্য কিয়ামতের দিন সাহায্যকারী ও সহায়ক হবে বলে মনে করে, তারা সবাই অদৃশ্য ও উধাও হয়ে যাবে। কেউ কারো সাহায্যের জন্য উপস্থিত হবে না।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=2345>

হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন